রুরাল রিকনস্ট্রাকশন ফাউণ্ডেশন (আরআরএফ) যশোর।

# নিয়োগ বিজ্ঞপ্তি

সার্কুলার নং: ২০২৬০৭০৩১২৯

**রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন (আরআরএফ)** জাতীয় পর্যায়ের একটি বেসরকারি সংস্থা। ১৯৮২ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠির উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি পরিচালনা করে আসছে, যার মধ্যে ঋণ কার্যক্রম অন্যতম। সমাজসেবা অধিদপ্তর এর নিবন্ধনভুক্ত, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি-এর লাইসেন্স প্রাপ্ত ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এবং বাণিজ্যিক ব্যাংক সমূহের আর্থিক সহযোগিতায় পরিচালিত ঋণ কার্যক্রম দেশের সকল বিভাগে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পদে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | দায়িত্ব কর্তব্য | মাসিক বেতন |
|---|---|---|---|---|
| ১) অফিসার (অ্যাকাউন্টস)<br>গ্রেড-১৫<br>বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর | ২৫০টি | ব্যবসায় শিক্ষায় স্নাতক/স্নাতকোত্তর | ❖ MS Word, MS Excel, E-mail, Internet Browsing সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে।<br>❖ ঋণ কার্যক্রমে ব্যবহৃত সফটওয়্যার পরিচালচনায় দক্ষ ও প্রত্যহ হালনাগাদ রাখা এবং দিন শেষে ক্যাশ বই ভাউচার প্রিন্ট করে শাখা ব্যবস্থাপকের অনুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করা এবং মাস শেষে ক্যাশবই ও ভাউচার সমূহ মাস ভিত্তিক বাঁধাই করে সংরক্ষণ করা।<br>❖ যাবতীয় অনুমোদিত বিল প্রদান ও হিসাবভুক্ত করার পর ডেবিট/ জার্নাল ভাউচার-এর সাথে ফাইলে সংরক্ষণ করা।<br>❖ স্টক রেজিস্টার রক্ষণাবেক্ষণ করবেন এবং মজুদ মালামালের জন্য দায়বদ্ধ থাকবেন।<br>❖ হিসাব ব্যবস্থাপনার গাইডলাইন, নিয়ম, পদ্ধতি ও পরিপত্রের নির্দেশনা অনুযায়ী শাখার হিসাব ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা।<br>❖ শাখা অফিসের সকল পর্যায়ের স্টাফের কাজকর্ম বা তথ্য সংরক্ষণ করা।<br>❖ অফিসের সকল (চলতি ও স্থায়ী) সম্পদের সুষ্ঠ ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিত করা।<br>❖ বিতরণ রেজিস্টার, পরিশোধ রেজিস্টার, সদস্য ভর্তি রেজিস্টার প্রিন্ট, যাচাই, স্বাক্ষর ও অনুমোদন পূর্বক ফাইলে সংরক্ষণ করা।<br>❖ প্রতি মাসের তহবিল চাহিদাপত্র কেন্দ্রীয় অফিসের হিসাব বিভাগে প্রেরণ করতে হবে।<br>❖ কেন্দ্রীয় অফিসের সাথে যোগাযোগ করে তহবিল গ্রহণ ও ফেরত প্রদান করতে হবে।<br>❖ কম্পিউটার পরিচালনা করতে পারা ও নিজস্ব ল্যাপটপ থাকতে হবে। | শিক্ষানবিশকালে বেতন : ৩৪,০০০/-<br>স্থায়ীকরণের পর বেতন : ৩৯,৩৩১/- টাকা। |
| ২) অফিসার (ঋণ)<br>গ্রেড-১৬<br>বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর | ৭৫০টি | স্নাতক/স্নাতকোত্তর | ❖ সদস্যদের তত্ত্বাবধান করা, ঋণ বিতরণ, ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রম পরিচালনা করা এবং লক্ষ্যমাত্রা অর্জনে সহযোগীতা করা।<br>❖ বার্ষিক লক্ষ্যমাত্রা, বাজেট ও পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের কাজ করা।<br>❖ সদস্য ও ঋণী নির্বাচনের ক্ষেত্রে দক্ষতা থাকতে হবে ও কৌশলী ভূমিকা পালন করা।<br>❖ ট্যাব পরিচালনা করতে পারা।<br>❖ সদস্যদের সাথে কার্যকরী ও উত্তম যোগাযোগ ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে।<br>❖ সভা, সেমিনার পরিচালনার দক্ষতা থাকতে হবে।<br>❖ শাখা ব্যবস্থাপকের নির্দেশনা ও সংস্থার নীতিমালা অনুযায়ী কাজ করতে হবে।<br>❖ প্রার্থীদের অবশ্যই নিজস্ব মোটরসাইকেল এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | শিক্ষানবিশকালে বেতন : ৩৩,০০০/-<br>স্থায়ীকরণের পর বেতন : ৩৮,১৬৬/- টাকা। |

**সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধাদী :**

১. প্রার্থীদের জন্য আবাসন ভাতা, দূরত্ব ভাতা ও পারফরম্যান্স ইনসেন্টিভ প্রদান করা হবে।
২. সংস্থার নীতিমালা অনুযায়ী স্টাফ কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, বার্ষিক ইনক্রিমেন্ট, উৎসব ভাতা (০১টি মোট বেতনের সমপরিমাণ), বৈশাখী ভাতা (মূল বেতনের ৫০%), সিটি ভাতা মূল বেতনের উল্লেখিত হারে প্রাপ্ত হবে (ঢাকা, ময়মনসিংহও গাজীপুর সিটি কর্পোরেশন ৪০%, সিলেট ও চট্টগ্রাম বিভাগের ৩০% এবংরাজশাহী, খুলনা সিটি কর্পোরেশন ২০%), কর্মস্থলে আবাসন সুবিধা, সাপ্তাহিক ছুটি ০২ দিন, চিকিৎসা তহবিল ও স্টাফ কল্যাণ তহবিল হতে আর্থিক সুবিধা প্রদান করা হবে।
৩. আবাসন ঋণ, প্রভিডেন্ট ফান্ডঋণ, মোটরসাইকেল ও কম্পিউটার ঋণের সুবিধা আছে।
৪. সংস্থায় কর্মরত স্টাফদের মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির সুযোগ আছে।
৫. সকল পদে যোগ্যতার ভিত্তিতে পদোন্নতির সুযোগ রয়েছে এবং কাজের গুনগত ও সংখ্যাগত অর্জনের ভিত্তিতে পারফরম্যান্স ইনসেন্টিভ প্রদান করা হবে।
৬. বাৎসরিক মোটরসাইকেল মেরামত বিল প্রদান করা হবে।

**আবেদনের নিয়মাবলী : আগ্রহী প্রার্থীগণ নির্বাহী পরিচালক, রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন (আরআরএফ)** বরাবর স্ব-হস্তে লিখিত আবেদনপত্র, জীবনবৃত্তান্ত (মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্রের নম্বর আবশ্যক), পাসপোর্ট সাইজের সদ্য তোলা ২ কপি ছবি ও সকল পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও অনাত্মীয় দুইজন বিশিষ্ট ব্যক্তির রেফারেন্সসহ নিম্নে উল্লেখিত সিডিউল অনুযায়ী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য বলা হলো।

| পদ | তারিখ | বার | পরীক্ষার স্থান | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১ ও ২ | ১৭/০৭/২০২৬ | শুক্রবার | মিউনিসিপ্যাল প্রিপারেটরি উচ্চ বিদ্যালয়, স্টেডিয়াম রোড, যশোর। | সকাল ০৯.৩০ |
| | ১৮/০৭/২০২৬ | শনিবার | শনিবার উপশহর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, রোড নং-১, উপশহর, বগুড়া। | সকাল ০৯.৩০ |
| | ২৪/০৭/২০২৬ | শুক্রবার | টঙ্গী সরকারি কলেজ, টঙ্গী, গাজীপুর। | সকাল ০৯.৩০ |
| | ২৫/০৭/২০২৬ | শনিবার | কুমিল্লা সিটি কলেজ, কোটবাড়ি, কুমিল্লা। | সকাল ০৯.৩০ |

উল্লেখ্য অফিসার (অ্যাকাউন্টস) পদের প্রার্থীদের লিখিত, মৌখিক ও কম্পিউটার পরীক্ষা নেওয়া হবে এবং অফিসার (ঋণ) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা নেওয়া হবে।

☑ **উপরোক্ত ১-২ নং পদের আগ্রহী প্রার্থীগণকে** পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য উল্লেখিত তারিখে সকাল ০৯.০০ টার মধ্যে নির্ধারিত কেন্দ্রে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
☑ নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ০৩ আগস্ট, ২০২৬ খ্রিঃ তারিখে সংস্থার ওয়েব সাইটে (www.rrf-bd.org/results) অথবা মোবাইল এসএমএস-এর মাধ্যমে জনানো হবে।
☑ কোনো প্রকার অবৈধ দালাল চক্রের সাথে আর্থিক লেনদেন বা অন্য কোন অর্থনৈতিক উপায়ে চাকরি পাওয়ার চেষ্টা করলে আবেদন বাতিল কলে গণ্য হবে।

**শর্তাবলী :**

ক. সকল পদের জন্য ৬ মাস শিক্ষানবিশ হিসাবে দায়িত্বপালন করতে হবে।
খ. রেজিস্ট্রেশন ফি ২৫০/- টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এক্ষেত্রে কোন প্রকার টিএ,ডিএ প্রদান করা হবে না।
গ. চাকুরীতে যোগদানের পূর্বে নির্ধারিত নগদ (ফেরতযোগ্য) জামানত জমা এবং সংস্থায় চলমান বিধিমালা পরিচালনে নিশ্চয়তা প্রদান করতে হবে। শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র জমা রাখতে হবে এবং পিতা/দায়িত্বশীল ব্যক্তিকে জামিনদার হিসাবে সংস্থার সাথে চুক্তিবদ্ধ হতে হবে।
ঘ. ২নং পদের প্রার্থীদের অবশ্যই নিজস্ব মোটরসাইকেল ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
ঙ. পরীক্ষার সময় সকল মূল সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
চ. সংস্থার বিভিন্ন কর্ম-এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
ছ. অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই।

**www.rrf-bd.org**

প্রশাসন ও মানবসম্পদ বিভাগ